তারিখ ...... 24 JUL 2016
পৃষ্ঠা ...২০ কলাম....৩.....

দৈনিক
ইত্তেফাক

# ঢাবির অনেক শিক্ষক একেবারে জামায়াতের রুকন : ইনু

■ বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

এমপিদের 'চোর' বলে সংসদে সহকর্মীদের প্রবল তোপের মুখে ক্ষমা চাওয়া তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু প্রসঙ্গান্তরে বলেছেন, চোরকে চোরই বলবেন তিনি।

বুধবার বেসরকারি নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয়ে এক অনুষ্ঠানে তিনি বলেন, "মুরব্বিরা বলেছেন, কথা বলার ক্ষেত্রে একটু কৌশলী হও। ক্ষমতায় থেকে সব সময় সব কথা বলতে নেই। জানি না কৌশলী হতে পারব কি না, তবে চোরকে চোর বলবই।"

সবাই বলে আপনি গরম লোক, কিন্তু আমি আসলে ঠান্ডা মানুষ। আমি চোরকে চোর বলি...

তিনি বলেন, "আমি জানি ঢাকা বিশ্ববিদ্যালয়ে চিহ্নিত শিবির রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে এক হাজার শিক্ষকের ভেতরে অনেক শিক্ষক একেবারে জামায়াতের রুকন। কই তাদেরকে তো ছাঁটাই করতে পারছেন না?

"আমি প্রকাশ্যেই বলি এসব কথা, এজন্য লোকে আমারে পছন্দ করে না। সবাই বলে আপনি গরম লোক; কিন্তু আমি আসলে ঠাণ্ডা মানুষ। আমি চোরকে চোর বলি, আমার অপরাধ এটা, রাজাকারকে রাজাকার বলি আর জঙ্গিকে জঙ্গি বলি।"

বক্তব্যে নিজের জীবন নিয়েও শঙ্কা প্রকাশ করেন হাসানুল হক ইনু। তিনি বলেন, "আমি জানি, আমার পেছনে একটি বুলেট ঘুরতেছে কিন্তু কিছু করার নাই, আরবিতে একটা প্রবাদ আছে- 'যা হওয়ার তাই হবে'। এই পৃথিবীতে ৭০ বছর বাঁচলাম আর কতো!" জঙ্গি পৃষ্ঠা ২ কলাম ৬

## ঢাবির অনেক শিক্ষক

২০ পৃষ্ঠার পর

হামলার জন্য কোনো নির্দিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে দোষারোপ না করার পরামর্শ দিয়ে তথ্যমন্ত্রী বলেন, "নর্থ-সাউথের ২২ হাজার শিক্ষার্থীর মধ্যে ২/৪ জন ছেলের জঙ্গি হয়ে যাওয়াটাকে বড় করে দেখার কিছু নেই। এটা আমাদের সারাদেশের সমস্যার একটি চিত্র।

"শুধু নর্থ-সাউথ কিংবা মাদ্রাসার দোহাই দিচ্ছেন কেন? রাজশাহী বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয় বা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনেক আগেই তো জামায়াত-শিবিরের রগকাটা বাহিনীর জন্ম দিয়েছে। এসব বিশ্ববিদ্যালয়ে তো রগকাটা বাহিনীরা হলও দখল করেছিল।

"আমি প্রশাসনকে বলেছি- নজর যদি দিতে হয়, তাহলে সব সরকারি, বেসরকারি, স্কুল-কলেজ, মাদ্রাসায় নজর দিন; যাতে একটি ছেলেও জঙ্গিবাদের ভ্রান্ত ধারণায় না জড়ায়।"